রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৭, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

## প্রজ্ঞাপন

ঢাকা, ২২শে অগ্রহায়ণ ১৪০০/৬ই ডিসেম্বর ১৯৯৩

এস, আর, ও, নং ২৩৮-আইন/৯৩/৮০-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) প্রস্তাবনায় “মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১)” শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)” শব্দগুলি, কমাটি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

(২) বিধি (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) “আইন” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);”;

(৩) বিধি ২, ৩, ৪, ৫, ৬, ৯, ১০, ১৫, ১৯, ২১, ২৩, ৩০, ৩১, ৩২, ৩৬ ও ৪২ এবং ফরম মূসক-১০ এ “অধ্যাদেশের” শব্দগুলি, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে, যথাক্রমে, “আইনের” ও “আইন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) সর্বত্র “ফরম” ও “ফর্মে” শব্দগুলির পরিবর্তে যথাক্রমে “ফরম” ও “ফরমে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এর "পাঁচ লক্ষ" শব্দগুলির পরিবর্তে "সাত লক্ষ পঞ্চাশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩), (৫) (৬) ও (৮) এ "সুপারিনটেনডেন্ট" শব্দটির পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৫) এ "দশ হাজার" শব্দগুলির পরিবর্তে "পনের হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ৯ এ "পাঁচ লক্ষ" এবং "স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে" শব্দগুলির পরিবর্তে, যথাক্রমে, "সাত লক্ষ পঞ্চাশ হাজার" এবং "বিভাগীয় কার্য্যালয়ে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৭) বিধি ১৫তে "পাঁচ লক্ষ" শব্দগুলির পরিবর্তে "সাত লক্ষ পঞ্চাশ হাজার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ১৯ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৬) সংযোজিত হইবে, যথাঃ—

"(৬) কুটির শিল্পের আওতায় সুবিধাপ্রাপ্ত, টার্নওভার কর প্রদানকারী এবং অব্যাহতিপ্রাপ্ত পণ্যের উৎপাদনকারী ব্যক্তি তাহার পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন না।";

(৯) বিধি ২০ এর—

(ক) উপ-বিধি (২) এ "সুপারিনটেনডেন্ট" শব্দটির পরিবর্তে "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এ "সুপারিনটেনডেন্ট এই মর্মে প্রত্যয়ন করিলে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রয়োজনীয় অনুসন্ধানের পর এই মর্মে সন্তুষ্ট হইলে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে"

(১০) বিধি ২২ এর উপ-বিধি (১) এর দফা (ব) এ "ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারীতে" শব্দগুলির পরিবর্তে "ট্রেজারী চালানের মাধ্যমে '১৪-মূল্য সংযোজন কর' খাতে ট্রেজারীতে" শব্দগুলি, সংখ্যাটি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) বিধি ২৩ এ উপ-বিধি (১) এ "নীট পরিমাণ অর্থ ট্রেজারীতে জমা" শব্দগুলির পরিবর্তে "নীট পরিমাণ অর্থ '১৪-ক- মূল্য সংযোজন কর' খাতে ট্রেজারীতে জমা" শব্দগুলি, সংখ্যাটি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;

(১২) বিধি ২৯ এর উপ-বিধি (৫) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৬) সংযোজন হইবে, যথাঃ—

"(৬) এই বিধির আওতায় প্রত্যর্পণ আবেদন পেশ করার পদ্ধতি সম্পর্কে যে বিধান থাকুক না কেন, স্বল্পতম সময়ে ও দ্রুততার সহিত প্রত্যর্পন সম্পর্কিত আবেদন নিষ্পত্তির লক্ষ্যে পরিদপ্তর কর্তৃক নির্ধারিত ফরমে ও প্রয়োজনীয় দলিলাদিসহ রপ্তানিকারকগণকে সরাসরি পরিদপ্তর কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিলের নিমিত্তে বোর্ড সাধারণ আদেশ জারী করিতে পারিবেন।";

(১৩) বিধি ২৯ ও ৩০ এর সর্বত্র "পরিচালক" ও "পরিচালকের" শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "মহাপরিচালক" ও "মহাপরিচালকের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪) বিধি ৩২ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৫) এই বিধিতে বর্ণিত সুবিধাদি প্রাপ্তিকল্পে প্রকৃত রপ্তানিকারকের শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বণ্ড বা স্পেশাল বণ্ড থাকিতে হইবে। অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিপরীতে সরবরাহতব্য পণ্য সংক্রান্ত তথ্যাদি যথা:-ব্যাক-টু-ব্যাক ঋণপত্র নম্বর ও তারিখ, প্রচ্ছন্ন রপ্তানিকারকের নাম ও ঠিকানা, পণ্যের বিবরণী এবং পরিমাণ ও আনুষংগিক অন্যান্য তথ্য প্রকৃত রপ্তানিকারকের অনুকূলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ইউটিলাইজেশন পারমিশন (ইনপি)—এ উল্লেখ থাকিতে হইবে এবং বিধি-২৯ এর অধীন প্রত্যর্পণ আবেদনের সহিত উক্ত ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) এর অনুলিপি ও সংযুক্ত করিতে হইবে। প্রয়োজনীয় পরীক্ষান্তে প্রত্যর্পণ প্রদানের সাথে সাথে সংশ্লিষ্ট ইউটিলাজেশন পারমিশন এ উল্লিখিত তথ্যাদির যথার্থতা এবং সরবরাহকৃত পণ্যের প্রকৃত রপ্তানীকারকের পাশবই ও ওয়্যারহাউজ রেজিষ্টারে লিপিবদ্ধ করার বিষয়ে তথ্যাদি নিশ্চিত হওয়ার জন্য পরিদপ্তর কর্তৃপক্ষ প্রকৃত রপ্তানিকারকের বণ্ড নিয়ন্ত্রণকারী সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করিবেন।";

(১৫) ফরম মূসক-২ এ "(১০,০০০ টাকা)" ও "(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)" বন্ধনীগুলি, সংখ্যাটি, কমাটি ও শব্দগুলির পরিবর্তে যথাক্রমে "(১৫,০০০ টাকা)" ও "(বিভাগীয় কার্যালয় পূরণ করিবে)" বন্ধনীগুলি, সংখ্যা, কমা ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৬) ফরম "মূসক-৩" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-৩" প্রতিস্থাপিত হইবে, যথা:—

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর বিভাগ

মূসক—৩

তালিকাভুক্তির প্রত্যয়নপত্র

[বিধি ৪(৩) দ্রষ্টব্য]

---

প্রতিষ্ঠানের নাম:

প্রতিষ্ঠানের ঠিকানা:

টেলিফোন নম্বর:

---

আপনাকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪ অনুসারে ........ ইং তারিখ হইতে তারিখ হইতে তালিকাভুক্ত করা হইল।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধান মোতাবেক করযোগ্য লেনদেনের জন্য আপনি আইন ও বিধি অনুযায়ী টার্নওভার কর পরিশোধ করিবেন।

আপনি ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার ১৫ দিনের মধ্যে ট্রেজারীতে কর জমা প্রদান করিবেন এবং ২১ দিনের মধ্যে বিভাগীয় কার্যালয়ে দাখিলপত্র জমা দিবেন অথবা আপনি এককালীন বাৎসরিক ১৫,০০০ টাকা প্রতি বৎসর ....... ইং তারিখের পূর্বেই ট্রেজারীতে জমা প্রদান করিবেন।

আপনার টার্ণওভার কর তালিকাভুক্তির সংখ্যা, এলাকা কোড, এবং পণ্য বা সেবার কোড নিম্নরূপ :

| | |
|---|---|
| টার্ণওভার কর তালিকাভুক্তির সংখ্যা | |
| এলাকা কোড | |
| কার্যক্রমের কোড | |

আপনি করযোগ্য সকল লেনদেনে ও কর কার্যালয়ের সহিত যোগাযোগে উপরি উল্লিখিত সংখ্যা বা কোডসমূহ ব্যবহার করিবেন।

এই তালিকাভুক্তি এবং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কিত যে কোন ব্যাখ্যা/তথ্য এর প্রয়োজন হইলে আপনি অফিস চলাকালীন সময়ে বিভাগীয় কার্যালয়ে যোগাযোগ করিতে পারিবেন।

তারিখ : ...................

বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর

নাম: ..........."।

(১৭) ফরম মূসক-৪ এ "অর্থের পরিমাণ ১০,000 টাকা", "স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের" "স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়" এবং সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর" শব্দগুলি, সংখ্যাটি ও কমাটির পরিবর্তে যথাক্রমে "অর্থের পরিমাণ ১০,000 টাকা", "বিভাগীয় কার্যালয়ের", "বিভাগীয় কার্যালয়" এবং "বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর" শব্দগুলি, সংখ্যাটি ও কমাটি প্রতিস্থাপিত হইবে;

(১৮) ফরম মূসক-৬ এ "YEAR OF REGISTRATION" শব্দগুলির পরিবর্তে "YEAR OF REGITRATION EXEMPTED FROM IRC" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৯) ফরম মূসক-৮ এর "মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১)", দুইবার উল্লিখিত শব্দগুলি, কমাগুলি সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে "মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন)" শব্দগুলি, কমাটি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে;

(২০) ফরম মূসক ১৪তে "স্থানীয় মূল্য সংযোজন কার্যালয়", "স্থানীয় মূল্য সংযোজন কার্যালয়ে", "স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের" দুইবার উল্লিখিত, ও "সুপারিনটেনডেন্ট" শব্দগুলির পরিবর্তে, যথাক্রমে, "বিভাগীয় কার্যালয়" "বিভাগীয় কার্যালয়ে", "বিভাগীয় কার্যালয়ের" ও "বিভাগীয় কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সাইফুল ইসলাম খান
সদস্য (মূসক)।

মোঃ মিজানুর রহমান উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।